

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মো: আবদুল ওয়াহাব ভূঞা মহাপরিচালক।
সভার তারিখ ও সময়	:	১১ সেপ্টেম্বর, ২০২২খ্রি, বেলা ১১.০০ টা।
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, সোনার বাংলা গড়ায় প্রত্যয়ে ২০১২ খ্রিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। তিনি সরকারের এ সুদূরপ্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন এবং অধিদপ্তরের সেবা গ্রহীতাগণের সেবা সহজে তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত অংশীজনকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :


- ট্রেড ইন্টারন্যাশনাল এর স্বত্তাধিকারী এবং বাংলাদেশ প্রিকারসর কেমিক্যালস্ এর সভাপতি জনাব মো: তোফাজ্জল হোসেন বলেন, তাদের সমস্যাগুলি সমাধানের জন্য অধিদপ্তরের নিকট প্রত্যাশা অনেক। প্রিকারসর কেমিক্যালস্ এর খুচরা লাইসেন্স বৃদ্ধি করে আমদানীকারকগণকে বিক্রি করার সুযোগ করে দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। সেক্ষেত্রে নীতিমালা ও আইনকে সহজ করার অনুরোধ জানান। যে অসাধু ব্যবসায়ী মিস ডিক্লেয়ারেশনের মাধ্যমে মাদকদ্রব্য জাতীয় ও অন্যান্য প্রিকারসর কেমিক্যাল আমদানী করে থাকেন তিনি তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সভাপতি বলেন, প্রিকারসর কেমিক্যাল গুরুত্বপূর্ণ পদার্থ। এর ব্যবস্থাপনা একটু জটিল, এটিকে খুব সহজভাবে নেয়ার সুযোগ নেই, তা সকলকেই উপলব্ধি করতে হবে। নীতিমালার আলোকে জনস্বার্থ রক্ষা করে ব্যবসায়ীদের জন্য যে সুবিধাদি দেয়া যায় তা বিবেচনা করবেন বলে সভাপতি জানান।
- জে. কে ট্রেডার্স এর স্বত্তাধিকারী জনাব মো: জসীম মাতুব্বর প্রিকারসর কেমিক্যালস্ আমদানী লাইসেন্সের বিপরীতে বাৎসরিক আমদানী কোটার সবটুকুই এককালীন আমদানীর পূর্বানুমতি দিতে অনুরোধ করেন। বছরে কয়েকটি কোটায় বিভক্ত না করে কোটাভুক্ত সম্পূর্ণ পরিমাণ এককালীন বা একবারে আমদানী করলে সময় ও অর্থ সাশ্রয় হবে মর্মে জানান। সভাপতি বলেন, পূর্বানুমতির ছাড়পত্রের বিষয়টি কত সহজ করা যায় তা আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। তবে কোন দুর্ঘটনা যেন না ঘটে সে বিষয়ে দায়িত্ব নিতে হবে।
- লিলি কেমিক্যালস্ স্বত্তাধিকারী জনাব এ কে এম সেলিম এবং এমকে রেস ওয়ার্ল্ড প্রতিনিধি জনাব আতিকুল ইসলাম মাদকদ্রব্য জাতীয় প্রিকারসর কেমিক্যালস্ আমদানীর ক্ষেত্রে পূর্বানুমতির সময় কমানো এবং আমদানীর পর মোড়ক উন্মোচনের প্রক্রিয়া সহজতর করার বিষয়ে অনুরোধ করেন। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় বলেন, প্রিকারসর কেমিক্যালস্ আমদানীর প্রক্রিয়া সহজীকরণের বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।

- সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি উপসচিব জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে এপিএ-তে অন্তর্ভুক্ত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অংশীজনের অংশগ্রহণে সভাগুলির বিষয়ে মন্ত্রণালয় গুরুত্ব দিয়ে থাকে। তিনি বলেন, অংশীজন যে কোন অভিযোগ/পরামর্শ অধিদপ্তরে না এসে অনলাইনের মাধ্যমে দাখিল করতে পারেন। তাছাড়া সেবা গ্রহণ সম্পর্কিত যে কোন ফরমও ওয়েবসাইটে দেয়া আছে, সেখান থেকে ফরম সংগ্রহ করে ঘরে বসেই যে কোন ব্যক্তি আবেদন দাখিল করতে পারবেন। ডাকযোগেও যে কোন আবেদন/অভিযোগ/পরামর্শ প্রেরণ করা যাবে। তবে কিছু বিষয়ে বা গুরুত্বপূর্ণ কোন ডকুমেন্ট দাখিলের ক্ষেত্রে অফিসে আসতে হবে।
- পরিচালক (প্রশাসন) বলেন, অধিদপ্তরের ওয়েবসাইটে বিভিন্ন আবেদনের ফরম দেয়া আছে। অনলাইনে যে আবেদনগুলো আসে তা অনলাইনেই নিষ্পত্তি করা হয়। খুব প্রয়োজন না হলে বা গুরুত্বপূর্ণ কোন তথ্য প্রয়োজন না হলে চাওয়া হয়না।

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	প্রিকারসর কেমিক্যালস্ আমদানীর পূর্বানুমতির প্রক্রিয়ায়/ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সময় সাশ্রয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে;	পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা)
৪.২	অবৈধ মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা বাড়াতে হবে;	পরিচালক (অপারেশনস্)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.৩	শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)
৪.৪	অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট

৫। সভাপতি সভায় অংশগ্রহণকারী অংশীজনকে সেবা সহজীকরণের বিষয়ে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন এবং অংশীজনকেও স্ব স্ব অবস্থান থেকে অধিদপ্তরকে সহযোগিতার জন্য আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মো: আবদুল ওয়াহাব ভূঞা)
 মহাপরিচালক।

নং-৫৮.০২.০০০০.০০৬.১২.০০৩(পাট-১).২১. ৫৫৪৭

২৯ ভাদ্র, ১৪২৯
তারিখ: -----
২৩ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।

- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৯। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।

শামিম আল-মামুন
(শামিম আল-মামুন)
উপপরিচালক (প্রশাসন)